

## থার্ড টার্মিনালের কাজ ৯৯ শতাংশ শেষ, এ বছরই উদ্বোধন

- A Monitor Desk Report

Date: 18 January, 2025



ঢাকা: হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের থার্ড টার্মিনালের কাজ ৯৯ শতাংশ শেষ হয়েছে। অক্টোবরের মধ্যে বা নভেম্বরের শুরুতে এটি চালু করা হবে বলে জানিয়েছে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)।

বৃহস্পতিবার (১৬ জানুয়ারি) কুর্মিটোলায় বেবিচক কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান সংস্থাটির চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মঞ্জুর কবীর ভুইয়া। বেবিচকের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি এবং তৃতীয় টার্মিনালের আপডেট নিয়ে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

মঞ্জুর কবীর ভুইয়া বলেন, এরইমধ্যে থার্ড টার্মিনালের কাজ ৯৯ শতাংশ শেষ হয়েছে। এ বছরের মধ্যে উদ্বোধন করব। অক্টোবরের মধ্যে বা নভেম্বরের শুরুতে চালু করব। শুধুমাত্র ভিআইপি ও ভিভিআইপি টার্মিনালের কাজ একটু বাকি রয়েছে। এ ছাড়া পুরো টার্মিনালের কাজ আমরা প্রায় শেষ করে ফেলেছি।

তিনি বলেন, শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এখন বিশ্বমানের যাত্রীসেবা দেওয়া হচ্ছে। সব সংস্থাই আন্তরিকতার সঙ্গে কাজ করে সেবার মান বাড়িয়েছে। দুই-একটি বিচ্ছিন্ন ঘটনায় এ সেবার কোনো ঘাটতি হবে না। তবে যাত্রী ও স্বজনদের আইন মানার বিষয়টি তিনি বার বার স্মরণ করিয়ে দেন।

বেবিচক চেয়ারম্যান দেশের কয়েকটি বিমানবন্দরের উন্নয়ন কাজের চিত্র তুলে ধরে বলেন, এ কাজগুলো আমরা দূতগতিতে এগিয়ে নিচ্ছি। এ উন্নয়ন কাজগুলোর অধিকাংশ এ বছর শেষ হবে।

শাহজালালের তৃতীয় টার্মিনালের নির্মাণ শুরু হয় ২০১৯ সালের ডিসেম্বরে। এর আগে ২০১৭ সালের ২৪ অক্টোবর প্রকল্পটি একনেকে অনুমোদন পায়।

